





সমাজসেবা অধিদপ্তর- ভাতা ম্যানেজমেন্ট সিস্টেম

ব্যবহারকারী নির্দেশিকা-ডাটা এন্ট্রি অপারেটর







সূচি পত্ৰ

সিস্টেম পরিচিতি	2
হোম পেজ	
নতুন উপকারভোগীর তথ্য যুক্ত করুন	
ভাতা সংক্রান্ত তথ্যঃ	
ব্যক্তিগত তথ্যঃ	
যোগাযোগ তথ্যঃ	
নমিনীর তথ্যঃ	6
অফিসের ব্যবহারের জন্যঃ	6
বয়স্ক ভাতা অন্যায়ী বিস্তারিতঃ	7







সিস্টেম পরিচিতি

যে কোন ব্রাউজারের অ্যাড্রেসবারে http://mis.bhata.gov.bd/ অ্যাড্রেসটি লিখে প্রবেশ করলে সিস্টেমের ল্যান্ডিং পেজ পাওয়া যাবে। ব্যবহারকারীগণ লগইন প্যানেলে তাদের নির্দিষ্ট ব্যবহারকারী নাম ও পাসওয়ার্ড দিয়ে "লগ ইন" বাটনে ক্লিক করলে মূল সিস্টেম এ প্রবেশ করতে পারবেন।



হোম পেজ

নির্দিষ্ট ব্যবহারকারীগণ নির্দিষ্ট নাম ও পাসওয়ার্ড দিয়ে "লগ ইন" বাটনে ক্লিক করলে নিচের মত হোমপেজ প্রদর্শিত হবে। এই উইন্ডোতে ব্যবহারকারীগন ড্যাশবোর্ডসহ অন্যান্য মেনু দেখতে পাবেন। প্রতিটি মেনুতে ক্লিক করলে নির্দিষ্ট সাবমেনু প্রদর্শিত হবে। এইসকল সাবমেনু দিয়ে ব্যবহারকারীগন নির্দিষ্ট কাজ সম্পাদন করতে পারবেন।











নতুন উপকারভোগীর তথ্য যুক্ত করুন

নির্দিষ্ট ব্যবহারকারীগণ লগইন করার পর সিস্টেমের হোমপেজ প্রদর্শিত হবে। হোমপেজের উপরে ডান দিকে "নতুন উপকারভোগীর তথ্য যুক্ত করুন" এই বাটনটি দেখতে পাওয়া যাবে। এই বাটনটি ক্লিক করে ডাটা এন্ট্রি অপারেটরগণ নির্দিষ্ট ভাতাভোগীর তথ্য সিস্টেমে যুক্ত করতে পারবেন। এই বাটনে ক্লিক করলে নিচের মতো উইভো প্রদর্শিত হবে।



ভাতা সংক্রান্ত তথ্যঃ



এখানে অনেকগুলো ফিল্ড যেমন কার্যক্রম, ফর্মের ক্রমিক নম্বর, ভাতা কার্যকরের মাস ইত্যাদি দেখতে পাওয়া যাবে। প্রথমে কার্যক্রম ফিল্ড থেকে স্কুল করে নির্দিষ্ট কার্যক্রম নির্বাচন করতে হবে।


উদাহরণস্বরূপ, আমরা বয়স্ক ভাতা নির্বাচন করি। নির্বাচন করলে নিচের মতো উইন্ডো প্রদর্শিত হবে। উইন্ডো তে ভাতা সংক্রান্ত তথ্য ফিল্ডে ফর্মের ক্রমিক নম্বর, ভাতা কার্যকরের মাস, পাস বুক/ভাতা পরিশোধ বহি নং ইত্যাদি দেখতে পাওয়া যাবে।












ব্যক্তিগত তথ্যঃ

ব্যক্তিগত তথ্য অংশে তথ্য যাচাই করার জন্য যাচাই এর ধরণ নির্বাচন করতে হবে। সাধারনভাবে যাচাইয়ের ধরণ "জাতীয় পরিচিতি নম্বর" হিসেবে নির্বাচন করা রয়েছে। তবে জন্ম নিবন্ধন নম্বর দিয়ে যাচাই করতে হলে যাচাইয়ের ধরণ "জন্ম নিবন্ধন নম্বর" এর বাম পাশে গোল বক্স ক্লিক করে নির্বাচন করতে হবে।









জাতীয় পরিচয় পত্রের নম্বর এবং জন্ম তারিখ প্রদান করে ডান দিকে যাচাই বাটনটি ক্লিক করতে হবে। জাতীয় পরিচয় পত্রের নম্বর এবং জন্ম তারিখ সঠিক হলে ভাতাভোগীর ছবি সহ নিচের মতো উইন্ডো প্রদর্শিত হবে। উইন্ডো তে ভাতাভোগীর নাম বাংলা এবং ইংলিশ উভয় ভাষাতে দেখা যাবে। মাতা এবং পিতার নাম বাংলায় প্রদর্শিত হবে। তবে ইংলিশ ভাষাতে মাতা এবং পিতার নাম পূরণ করতে হবে। ছবির পাশে স্বাক্ষর ফিল্ডে ব্রাউস করে ডিজিটাল স্বাক্ষর বসাতে হবে। ধর্ম ফিল্ডে নির্দিষ্ট ধর্ম নির্বাচন করতে হবে।

যোগাযোগ তথ্যঃ

ব্যক্তিগত তথ্য পূরণ শেষে নিচে যোগাযোগ তথ্য প্যানেল পুরন করতে হবে। এই প্যানেলে বর্তমান এবং স্থায়ী ঠিকানার নির্দিষ্ট তথ্য ফিল্ড রয়েছে যেমন বিভাগ, জেলা, অবস্থান, ইউনিয়ন ইত্যাদি। বিভাগ, জেলা, অবস্থান, ইউনিয়ন ইত্যাদি ফিল্ড গুলো ড্রপডাউন বক্স থেকে স্ক্রল করে নির্দিষ্ট ভাতা ভোগীর জন্য নির্বাচন করতে হবে।









নমিনীর তথ্যঃ

ভাতাভোগী যাকে নমিনী নির্বাচন করেছে সেই নমিনীর তথ্য এই তথ্য প্যানেলে প্রদান করতে হবে। এই প্যানেলে নমিনীর অনেক তথ্য ফিল্ড যেমন জন্ম তারিখ, নাম, জাতীয় পরিচয় পত্রের নম্বর, ঠিকানা ইত্যাদি দেখতে পাওয়া যাবে। সবগুলি ফিল্ড সঠিকভাবে পূরণ করতে হবে। ডান দিকে নমিনীর ছবি এবং স্বাক্ষর ব্রাউস করে নির্বাচন করতে হবে।



অফিসের ব্যবহারের জন্যঃ

এই পানেলের ফিল্ড গুলো পূরণ করার প্রয়োজন নেই।










বয়স্ক ভাতা অনুযায়ী বিস্তারিতঃ

এই ফিল্ডে ভাতাভোগীর কিছু সাধারন তথ্য যেমন বৈবাহিক অবস্থা, শিক্ষাগত অবস্থা, পরিবারের সদস্য, পেশা ইত্যাদি ফিল্ড রয়েছে। সবগুলো ফিল্ড সঠিকভাবে পূরণ করতে হবে। পেশা, বার্ষিক আয়, বাসস্থান ইত্যাদি ফিল্ডগুলো ড্রপডাউন বক্স স্ক্রল করে নির্বাচন করতে হবে।



পরিশেষে তথ্য সংগ্রহকারী এবং তথ্য যাচাইকারী ফিল্ডে নির্দিষ্ট নাম প্রদান করে নিচে "সংরক্ষণ" বাটনটি ক্লিক করলে নির্দিষ্ট ভাতাভোগীর তথ্য সিস্টেমে সফলভাবে সংরক্ষিত হয়ে যাবে।







